



পিআরের নামে নতুন ষড়যন্ত্রে জামায়াত: কায়সার কামাল



সংগৃহীত ছবি

বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল অভিযোগ করেছেন, পিআরের নামে জামায়াত নির্বাচন বানচালের ষড়যন্ত্র করছে। তিনি বলেন, দেশের মানুষ গণতন্ত্রে বিশ্বাসী এবং তারা ভোটাধিকার প্রয়োগে উন্মুখ, কিন্তু জামায়াত ধর্মীয় আবেগ কাজে লাগিয়ে বিভ্রান্তি ছড়াতে চায়।

বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল বলেছেন, পিআরের নামে জামায়াত দেশে নির্বাচন বানচালের চেষ্টা করছে। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) নেত্রকোণার কলমাকান্দায় রামকৃষ্ণ আশ্রমের দুর্গাপূজা অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, “পিআরের জন্য মানুষ জীবন দেয়নি, মানুষ জীবন দিয়েছে গণতন্ত্রের জন্য। যারা পিআর দাবি করছেন, তারাও অনেক ক্ষেত্রে বিষয়টি বুঝে উঠতে পারেন না। গত ১৭ বছর দেশের মানুষ ভোটাধিকার থেকে বঞ্চিত। এখন তারা ভোট দিতে উন্মুখ হয়ে আছেন। যদি সত্যিই গণতন্ত্রে বিশ্বাস থাকে, তবে নিজেদের নির্বাচনি ম্যানিফেস্টো প্রকাশ করা উচিত।”

কায়সার কামাল আরও অভিযোগ করেন, জামায়াত ধর্মীয় আবেগ ব্যবহার করে জনগণকে বিভ্রান্ত করছে। তিনি বলেন, “পিআরের নামে তারা নতুন ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে, যেন দেশে গণতান্ত্রিক পরিবেশ গড়ে না ওঠে।”

অনুষ্ঠানে রামকৃষ্ণ আশ্রম কমিটির সভাপতি অনুজ চক্রবর্তী, কলমাকান্দা উপজেলা বিএনপির সভাপতি এম এ খায়ের, সাধারণ সম্পাদক সাইদুর রহমান, প্রেসক্লাব সভাপতি শেখ শামীমসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।